৬৮

দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 1 4 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

# দীর্ঘ এক বৎসরেও পরীক্ষার ফল বাহির হইল না

সেসন জট রোধে ও শিক্ষা ব্যবস্থা উন্নত ও আধুনিকীকরণের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয় জাতীয় বিশ্ববিদ্যালয়। শিক্ষার ব্যয়ভার লাঘব এবং নির্দিষ্ট সময়ে ডিগ্রী নিয়া কর্মসংস্থানের আশায় আমরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন দেশের নামকরা কলেজসমূহে ৩ বৎসর মেয়াদী অনার্স কোর্সে ভর্তি হই। বিভিন্ন চড়াই-উৎরাই পার করিয়া ৯৩-৯৪ শিক্ষাবর্ষের অনার্স (অর্থনীতি)-এর ফাইনাল পরীক্ষা ডিসেম্বর '৯৭-তে সম্পন্ন করি। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, ইতিমধ্যে এক বৎসর কালের অধিক পার হইলেও উক্ত পরীক্ষার ফলাফল বাহির হয় নাই। এরূপ অব্যবস্থা প্রত্যাশিত নয়। আমরা ফলাফলের প্রত্যাশায় থাকিয়া দারুণ হতাশায় ভুগিতেছি। যদি জানিতাম ফলাফল পাইতে এইরূপ বিলম্ব হইবে তবে কম্পিউটার শিক্ষাসহ অন্য যে কোন স্বল্প মেয়াদী কোর্সে শিক্ষা বা প্রশিক্ষণ নিয়া বেকারত্ব ঘুচাইতে পারিতাম। ৩ বৎসরের কোর্সে ভর্তি হইয়া ৫ বৎসর পার হইয়া গেল, অথচ ডিগ্রী লাভ করা সম্ভব হইল না। কবে ফলাফল বাহির হইবে কবে মাষ্টার্স ভর্তি হইব তাহা অনিশ্চিত। মফস্বলে থাকিয়া এতদসম্পর্কীয় খবরাখবর জানাও সম্ভব হয় না। জেলা/বিভাগীয় সদরে অবস্থিত কলেজে গিয়া খোঁজ-খবর নিতে অনেক খরচ হয়। আর এভাবে খরচ শেষে হতাশ হইয়া ফিরিতে হয়। ডিগ্রী পাস কোর্সের পরীক্ষা ও ফলাফল সম্পর্কীয় খবর দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হইলেও অনার্স ফাইনাল পরীক্ষার সংবাদ পত্রিকা মারফত পাওয়া যায় না। যাহা হউক, বিএসএস অর্থনীতি (অনার্স) ফাইনাল পরীক্ষার ফলাফল যাহাতে অনতিবিলম্বে পাইতে পারি, সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

আবুল হোসেন,
কুয়াকাটা,
পটুয়াখালী।